গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন -৪ শাখা
www.moha.gov.bd

স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.১৩৭.৩১.০০২০.১১-৪৪৪

তারিখ : ১৫ পৌষ ১৪৩২ / ৩০ ডিসেম্বর ২০২৫

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৬ জুন ২০২৫ তারিখের স্মারক নং-৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২৭৬৬.২০২৫.১১৪ এর মাধ্যমে সুপারিশকৃত নিম্নবর্ণিত ০২(দুই) জন প্রার্থীকে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের 'সাব-এসিস্ট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার' পদে ("জাতীয় বেতনস্কেল ২০১৫" এর গ্রেড-১০, ১৬০০০-৩৮৬৪০/-) বেতনক্রমে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রমিক নং | নাম | রেজি: নম্বর | জেলা |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ আংগুর আলম | ৬০০০৭৪ | কুড়িগ্রাম |
| ০২ | জনাব মোঃ তানভীর আব্বাচী | ০০০৩৩৫ | নেত্রকোনা |

## শর্তাবলী

(ক) বর্ণিত কর্মকর্তা যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে থাকবেন। এ সময়ের মধ্যে আয়োজিত প্রশিক্ষণে তাঁকে অংশগ্রহণ করতে হবে এবং গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। শিক্ষানবিসকালে তিনি যদি চাকুরিতে বহাল রাখার অনুপযোগী বলে বিবেচিত হন তবে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়া এবং সরকারী কর্ম কমিশনের সাথে পরামর্শ ব্যতিরেকেই তাঁকে চাকরি থেকে অপসারণ করতে পারবে;

(খ) প্রশিক্ষণ শুরুর পূর্বে একজন জামানতদারসহ ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকাল অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরি থেকে ইস্তফা দেন তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন ও আনুতোষিক এবং তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ সরকারকে ফেরত দিতে বাধ্য থাকবেন;

(গ) সরকার কর্তৃক ইস্তফা গৃহীত হওয়ার পূর্বে যদি কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন তবে অনুচ্ছেদ-(খ) মোতাবেক তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ 'পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট', ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা করা হবে এবং 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা', ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঘ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন প্রদত্ত মেধা তালিকা অনুসারে জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ঙ) চাকরিতে থাকাকালে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এর সকল বিধি বিধান তাঁর ক্ষেত্রে প্রযোজ্য হবে;

(চ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীত বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ছ) চাকরিতে নিয়োজিত থাকাকালীন কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অন্যত্র চাকরির জন্য আবেদন করা বা কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করা যাবে না;

(জ) প্রার্থী কর্তৃক দাখিলকৃত সনদ পরবর্তীতে যাচাই-বাছাইকালে মিথ্যা বা জাল প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে তাঁর নিয়োগ বাতিল পূর্বক তার বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে;

(ঝ) 'The Government Servants (Conduct) Rules', 1979 এর ১৩ (১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র যোগদানের সময় জমা দিতে হবে;

(ঞ) সুপারিশকৃত প্রার্থীদের যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা প্রদান করা হবে না।

N(New Appointment(A M E)

২। বর্ণিত শর্তাবলী গ্রহণযোগ্য হলে আগামী ১৩/০১/২০২৬ তারিখের মধ্যে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল মর্মে গণ্য হবে।

৩। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


নীলিমা আফরোজ
উপসচিব
ফোন-০২-৫৫১০১১৩৯
Email:immigration4@moha.gov.bd


স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.১৩৭.৩১.০০২০.১১-৪৪৪ তারিখ : ১৫ পৌষ ১৪৩২ / ৩০ ডিসেম্বর ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৪। উপসচিব (নিরাপত্তা-২),স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (নবনিয়োগ প্রাপ্ত কর্মকর্তাদের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যোগদানের নিমিত্ত বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)।
০৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৬। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
০৭। অতিরিক্ত সচিব (বহিরাগমন অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৮। সিস্টেম এনালিস্ট আইসিটি সেল)),স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৯। জনাব-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------।

৩০.১২.২০২৫

নীলিমা আফরোজ
উপসচিব